**ITC Limited**
Virginia House
37 J. L. Nehru Road
Kolkata 700 071, India
Tel. : 91 33 2288 9371
Fax : 91 33 2288 4016 / 1256 / 2259 / 2260

12th September, 2024

The Manager
Listing Department
National Stock Exchange of India Ltd.
Exchange Plaza
Plot No. C-1, G Block
Bandra-Kurla Complex
Bandra (East)
Mumbai 400 051

The General Manager
Dept. of Corporate Services
BSE Ltd.
P. J. Towers
Dalal Street
Mumbai 400 001

The Secretary
The Calcutta Stock
Exchange Ltd.
7, Lyons Range
Kolkata 700 001

Dear Sirs,

**Publication of Advertisement re: Notice of Hearing of Company Petition**

We enclose, in terms of Regulation 30 of the SEBI (Listing Obligations and Disclosure Requirements) Regulations, 2015, copies of the newspaper clippings of of the advertisement published on 12th September, 2024 re. Notice of Hearing of Company Petition on 27th September, 2024, pursuant to the directions of the Hon'ble National Company Law Tribunal ('Tribunal'), Kolkata Bench, vide Order dated 9th August, 2024 read with Corrigendum Order dated 19th August, 2024, in connection with the Petition under Section 230(6) read with Section 232(3) of the Companies Act, 2013 for sanction of the proposed Scheme of Arrangement amongst ITC Limited and ITC Hotels Limited and their respective shareholders, in Kolkata editions of the following newspapers:

- 'Business Standard' (English), and
- 'Anandabazar Patrika' (Bengali).

The aforesaid advertisement was also published, inter alia, in the Ahmedabad, Bengaluru, Bhubaneswar, Chandigarh, Chennai, Hyderabad, Kochi, Lucknow, Mumbai, New Delhi and Pune editions of the Business Standard.

Yours faithfully,
ITC Limited
RAJENDRA KUMAR SINGHI
Digitally signed by RAJENDRA KUMAR SINGHI
Date: 2024.09.12 11:01:36 +05'30'
(R. K. Singhi)
Executive Vice President &
Company Secretary

Enclosed: as above.

cc: Securities Exchange Commission
Division of Corporate Finance
Office of International Corporate Finance
Mail Stop 3-9
450 Fifth Street
Washington DC 20549
U.S.A.

cc: Societe de la Bourse de Luxembourg
35A Boulevard Joseph II
L-1840 Luxembourg

# UK clears decks for £500 mn grant for Tata Steel's Port Talbot project

## Gives minimum voluntary redundancy payout of £15K for full-time employees plus £5K 'retention' payment

ISHITA AYAN DUTT
Kolkata, 11 September

The Labour government in the UK has cleared the decks for a £500 million grant to Tata Steel, paving the way for decarbonisation of the company's British business and a sustainable financial future.

In a statement, Tata Steel said that it has signed a £500 million Grant Funding Agreement (GFA) with the UK government, allowing it to "proceed at pace with the project to install a state-of-the-art electric arc furnace (EAF) at the Port Talbot steelworks in Wales". This is part of the £1.25 billion green steel project in Port Talbot, of which Tata Steel's investment is to the tune of £750 million.

Describing it as a "new and improved deal", Business and Trade Secretary Jonathan Reynolds stated the contours of the agreement in the House of Commons on Wednesday. The deal was agreed on Tuesday in a meeting between UK Prime Minister Keir Starmer, Business and Trade Secretary Jonathan Reynolds, Chancellor Rachel Reeves and Tata group chairman, Natarajan Chandrasekaran.

Reynolds said that the deal does what previous deals failed to do — give hope for the future of steelmaking in South Wales.

However, it aims to preserve 5,000 jobs as in the earlier proposal announced by the Conservative-led UK government a year ago.

### UPS AND DOWNS

**2023**

**Sep:** Tata Steel and the UK govt agree on a £1.25 billion proposal, inclusive of a £500 million grant from the Conservative-led UK govt

**2024**

**Jan:** Tata Steel rejects union plan for maintaining a single blast furnace, indicates potential impact on 2,800 jobs

**Mar:** The steelmaker stops operations of coke ovens at Port Talbot plant

**June:** Firm expresses concerns over policy differences between the UK government and the Opposition over Port Talbot transformation plan

**July:** Tata Steel goes ahead with shutdown of one of two blast furnaces at Port Talbot; Labour sweeps to power in the UK

**Sep:** The firm signs £500 million Grant Funding Agreement with the UK government for green steel project at Port Talbot




Tata Steel employs 8,000 people across UK and had earlier indicated a potential impact of up to 2,800 as part of the transition to EAF steelmaking process.

For the EAF, Tata Steel said that the basic engineering was now complete, and equipment orders would be placed shortly. Large-scale site work was expected to commence around July 2025. And the EAF is likely to be operational within three years.

T V Narendran, Tata Steel chief executive officer and managing director, said, "With the UK government's critical support, this complex and ambitious transformation of Port Talbot has the potential to make the plant one of Europe's premier centres for green steelmaking."

About 500 new jobs are expected to be created to support the construction of the EAF. Trade unions Community and GMB said in a statement, "This deal is not something to celebrate, but — with the improvements the unions and the government have negotiated — it is better than the devastating plan announced by Tata and the Tories back in September 2023."

The new and improved deal, the UK government said, goes much further than the previous government's agreement – delivering a minimum voluntary redundancy payout of £15,000 for full-time employees plus a £5,000 "retention" payment and offering paid-for training to give workers a steady income and upskill them for the jobs of the future.

About 2,000 staff members have expressed interest in voluntary redundancy. The deal announcement ends the uncertainty around Port Talbot. A £1.25 billion proposal at Port Talbot was made public in September 2023 by the Conservative-led UK government. However, in the general elections that followed in July 2024, the Labour party landed a historic win, putting a question mark on the grant funding and the future of Port Talbot.


The UK government said that watertight conditions within the GFA will ensure that the government can claw back investment should Tata Steel not fulfil its commitments. This includes increased penalty payments should the company not retain 5,000 jobs across its UK business post-transformation. For those at risk of compulsory redundancy, Tata Steel will offer a comprehensive training program.

Employees on the training program will be on full pay for the first month and 27,000 pound per annum for 11 months following, which will be funded by Tata Steel. The UK government also said that Tata Steel has committed to work with the government to evaluate new investments in steel.

# 70% of *Fortune 500* firms will expand reach to India by '30

## Nasscom-Zinnov report says India has become the GCC capital of the world

SHIVANI SHINDE
Mumbai, 11 September



India-based global capability centres (GCCs) have redefined the country's tech landscape over the past 5 years. According to a report, 70 per cent of *Fortune 500* companies will expand their presence to India by 2030.

The report by Nasscom and Zinnov titled 'India GCC Landscape Report: The 5-year Journey' stated that the GCC revenue by 2030 was expected to touch between $99 billion to $105 billion, at a compound annual growth rate of 9-10 per cent, from the current revenue of $64.6 billion.

It also said the number of GCCs is expected to reach 2,100-2,200 in 2030 from the current figure of over 1,700. This growth will be driven by developments such as global roles moving to India, AI Centres of Excellence (CoE) and overall engineering and R&D focus.

The report pointed out that the expansion of global roles in Indian GCCs was driving the growth of the industry. Over 6,500 roles are housed in Indian GCCs and are expected to cross 30,000 over the next 6 years. These global roles span engineering, IT, shared services, and multiple verticals. The other reason for this growth is the AI-led transformation being driven by these India-based GCCs. The report highlights that over 500 centres are now dedicated to AI and machine learning (ML). Additionally, over 120,000 AI professionals are present across GCCs and CoEs in India.

"GCCs have rapidly evolved from being operational hubs to becoming true engines of innovation and strategic growth," said Sindhu Gangadharan, Chairperson, Nasscom. "As they advance along the maturity curve, they are increasingly positioned to lead global agendas, secure critical managerial roles, and shape decision-making processes, setting the stage for India to become a global leader in digital transformation and sustainable business practices," she said. The increase in GCC centres in India has led to an increase in the talent pool. The headcount at GCCs is expected to go up to 2.5-2.8 million in 2030, from the current 1.9 million, the report said. Shifts like GCC expansion into Tier-II and III cities, and Global Unicorn and Global 2000 enterprises setting up centres, have led to a 60 per cent increase in revenue and a 36 per cent increase in headcount between FY19-24.

"India has undeniably become the GCC capital of the world. And it's not just the scale, India's GCCs are also driving high-value charters, where we are witnessing a shift towards portfolio and transformation hubs, with increasing product ownership from India," said Pari Natarajan, CEO, Zinnov.

### GROWING PRESENCE

**30,000+:** Expected number of roles in Indian GCCs to increase in the next 6 years

**$99 bn–$105 bn:** Anticipated GCC revenue by 2030 with CAGR 9–10% from the current revenue of $64.6 bn

**2,100–2,200:** Number of GCCs to grow till 2030

**Global roles** moving to India, AI centre of excellences and overall engineering, and R&D focus to drive the growth

# Regulator suspends Entod nod to make, sell eye drops

## Takes exception to claim that it can help eliminate dependency on reading glasses; firm to challenge order

SANKET KOUL
New Delhi, 11 September

The Central Drug Standards Control Organisation (CDSCO) on Wednesday suspended permission granted to Mumbai-based Entod Pharmaceuticals to manufacture and sell an eye drop after taking exception to the firm's claim that it can help eliminate dependency on reading glasses for those suffering from presbyopia.

According to sources, health ministry officials took this matter seriously due to concerns over misuse of the product.

Last week, Entod launched its PresVu eye drop made using Pilocarpine, an alkaloid used to treat various ophthalmological conditions including presbyopia. Presbyopia is an age-related sight condition that makes it difficult to see things up close.



In his order dated September 10, Drugs Controller General of India (DCGI) Rajeev Raghuvanshi said that the company had made claims for the drug product for which it had not obtained approval from the central licensing authority, thereby violating provisions under the New Drugs and Clinical Trial Rules, 2019.

"The unauthorised promotion in press and over social media had raised doubt on its unsafe use by patients and safety concern for the public. The promotion had raised concern about its use like over the counter (OTC) drugs whereas it is approved as a prescription only drug," an official source said.

Denying charges of unethical or false presentation of facts, Nikkhil Masurkar, chief executive officer (CEO), Entod Pharma announced that the company will challenge the suspension in court of law to get justice.

"All facts disclosed to the media are strictly on the basis of the recent DCGI approval for treatment of presbyopia in adults and the results of the phase 3 clinical trial conducted by us in India", the company added.

# Flights grounded in Kenya as workers protest Adani deal

REUTERS
Nairobi, 11 September

Workers at Kenya's main international airport began a strike on Wednesday against the Adani group seeking to lease it, blowing plastic trumpets and scuffling with police in a protest that caused cancellations and delays for hundreds of passengers.

Dozens of workers at Nairobi's Jomo Kenyatta International Airport chanted "Adani must go" in reference to a proposed deal for the Adani Group to lease it for 30 years in exchange for $1.85 billion investment in expansion.

Kenya Civil Aviation Authority, the sector regulator, said that air traffic control services were fully operational, with landings and take-offs uninterrupted.

Major regional carriers Emirates, Kenya Airways, Ethiopian Airlines and RwandAir reported flight cancellations and delays.

The Adani group, led by billionaire Gautam Adani, did not respond to a request for comment.

It was unclear how many workers were taking part in the strike.

# APSEZ to develop multipurpose berth in Kandla

Adani Ports and Special Economic Zone (APSEZ) on Wednesday said it has signed a concession agreement with DPA to develop Berth 13 at Deendayal Port, Kandla, Gujarat.

APSEZ has incorporated a wholly-owned subsidiary, DPA Container and Clean Cargo Terminal Limited (DPACCCTL), that will carry out operations at the berth, it said. Berth will handle multipurpose cargo and is expected to be commissioned in FY27. Berth 13 is 300 metres long and offers 5.7 MMT capacity annually. PTI

# *Mother Dairy aims to up revenue by 10% on summers, festivals*

SHARLEEN D'SOUZA
Mumbai, 11 September

Mother Dairy aims to increase its revenue by at least 10 per cent in the current financial year (2024-25), driven by strong summer demand and expectations of robust sales during the festival season.

The dairy giant, which holds a dominant position in New Delhi and the National Capital Region (NCR), also plans to expand its presence in other markets.

"Summer has been good, and most of our summer categories have performed exceptionally well. We have also increased some of our capacities and expect to see healthy growth across all three sub-brands (Dairy, Dhara, and Safal)," Manish Bandlish, managing director at Mother Dairy Fruit & Vegetable, told *Business Standard* in an interview.

Bandlish noted that the company has seen consistent growth over the past three years, with revenue rising from ₹10,500 crore to ₹15,000 crore in 2023-24. Recently, Mother Dairy has entered Rajasthan and is focusing on expanding its footprint in the state.

"We are extending our reach to Uttar Pradesh and other parts of North India. Also, we plan to expand into some regions of the South, particularly Andhra Pradesh," Bandlish said.

The company operates a plant in Andhra Pradesh, which will support its regional expansion. It also aims to enhance its presence in Hyderabad, Mumbai, and Kolkata, with plans to grow its ice cream portfolio there.

Founded in 1974 as a subsidiary of the National Dairy Development Board, Mother Dairy initially focused on supplying milk to urban areas. Today, it offers over 500 stock-keeping units in dairy, horticulture, and edible oils. Mother Dairy operates nine dairy plants and four Safal plants. It is also constructing a new plant in North India to support growth in the central region, leveraging its efficient milk collection system.

"We aim to increase our non-Delhi-NCR market share from the current 20-25 per cent to 30-35 per cent over the next three to four years," Bandlish said.

The company is investing over ₹500 crore in a new plant in Nagpur, which will have a capacity of 600,000 litres per day, expandable to 1 million litres. This facility will produce ice creams, as well as short-shelf-life products like chaas (buttermilk) and curd. The plant is likely to operate within 18-24 months. Mother Dairy is also establishing a plant in Itola, Gujarat for Safal and is planning another plant in South India for Safal.

The majority of Mother Dairy's revenue comes from its dairy business, followed by edible oils and Safal, which retails fresh fruit and vegetables.



MANISH BANDLISH
MD, Mother Dairy Fruit & Vegetable

ੴ ਸ੍ਰੀ ਵਾਹਿਗੁਰੂ ਜੀ ਕੀ ਫ਼ਤਹਿ
Punjab & Sind Bank
(A Govt. of India Undertaking)
H.O.Transformation Projects Deptt.
2nd floor, NBCC complex
East Kidwai Nagar, New Delhi-110023
E-mail: ho.tp@psb.co.in
*Where service is a way of life*

**Tender Notice**

Bank invites bids from eligible Bidders on Government e-Marketplace (GeM) for rendering "Selection of Service Provider for Management, Maintenance & Operations of Contact Center and Customer Relationship Management Solution (CRM)"

Last date of submission of bids is 04.10.2024.

For further details, please visit GeM portal.

**Deputy General Manager**
**Transformation Projects Deptt.**

**INDIRA GANDHI INSTITUTE OF MEDICAL SCIENCES**
(A Super Speciality, Autonomous Institute Of Govt. Of Bihar)
IGIMS Medical College, IGIMS Nursing College
Sheikhpura, Patna-14. EPBX:0612-2297099/2297631, Website: www.igims.org

**TENDER INVITING NOTICE**

**Tender Notice No. 09 /2024-25/Lab./IGIMS-Store.**

Sealed Tender (under two bid system i.e. Technical & Financial bids) is invited from manufacturers or their authorized agents for supply Reagent/Kits/Chemical/Calibrator & Control etc., for the Department of Microbiology on Rate Contract Basis to IGIMS - Patna. Complete sealed tender should be sent to the "Director, IGIMS, Sheikhpura, Patna-800014 by Regd./ Speed Post/Courier to reach **by 03/10/2024 at 16.00 hrs.** Details Terms and Conditions and tender documents can be seen and downloaded from Institute website **www.igims.org**

**Director, IGIMS, Patna**

APPOINTMENTS

India Exim Bank

Unlock a career with infinite growth opportunities.

Banking Operations
50 Management Trainees



Exim Bank is inviting young professionals to apply for full-time positions in Banking Operations. If you have a strong passion for continuous learning and aspire to excel in a merit-based environment then get ready to join our team.

For detailed advertisement, visit the **Careers** section of the Bank's website:

www.eximbankindia.in

Enduring Value
**ITC Limited**

CIN: L16005WB1910PLC001985

**Registered Office: Virginia House, 37 Jawaharlal Nehru Road, Kolkata 700 071**
Tel: +91 33 2288 9371 • Fax: +91 33 2288 2358 • E-mail: isc@itc.in
Website: www.itcportal.com

**BEFORE THE NATIONAL COMPANY LAW TRIBUNAL, KOLKATA BENCH**
**COMPANY PETITION (CAA) NO. 140 / KB / 2024**
**CONNECTED WITH**
**COMPANY APPLICATION (CAA) NO. 56 / KB / 2024**

**IN THE MATTER OF:**
The Companies Act, 2013 - Section 230(6) read with Section 232(3).

AND

**IN THE MATTER OF:**
ITC Limited, a company incorporated under the Indian Companies Act, 1882 and being a company within the meaning of the Companies Act, 2013, having Corporate Identification No. L16005WB1910PLC001985 and its registered office at Virginia House, 37 Jawaharlal Nehru Road, Kolkata 700 071 in the State of West Bengal.

AND

ITC Hotels Limited, a company incorporated under the Companies Act, 2013, having Corporate Identification No.U55101WB2023PLC263914 and its registered office at Virginia House, 37 Jawaharlal Nehru Road, Kolkata 700 071 in the State of West Bengal.

1. ITC Limited
2. ITC Hotels Limited

. . . . . Petitioners

**NOTICE OF HEARING OF COMPANY PETITION**

A Petition under Section 230(6) read with Section 232(3) of the Companies Act, 2013 for sanction of the proposed Scheme of Arrangement amongst ITC Limited and ITC Hotels Limited (**"Petitioners"**) and their respective shareholders (**"Company Petition"**) was presented by the Petitioners to the Hon'ble National Company Law Tribunal, Kolkata Bench (**"Tribunal"**) on 22nd July, 2024 and was admitted on 9th August, 2024. The said Company Petition is now fixed for hearing before the Hon'ble Tribunal on 27th September, 2024.

Any person desirous of supporting or opposing the said Company Petition should send to the undersigned, notice of such intention, signed by such person or such person's Advocate, with such person's name and address, so as to reach the undersigned at his address mentioned below not later than 2 (two) days before the date fixed for the hearing of the Company Petition. Where such person seeks to oppose the Company Petition, the grounds of opposition or a copy of such person's affidavit shall be furnished with such notice.

A copy of the Company Petition will be furnished by the undersigned to any person requiring the same on payment of the prescribed charges for the same.

Sd/-
(Aniket Agarwal)
Advocate for the Petitioners
Khaitan & Co LLP, Advocates
1B, Old Post Office Street
Kolkata 700 001

Date: 12th September, 2024



■ স্বাস্থ্য ভবনে চিকিৎসকদের অবস্থানের ফাঁকে সন্তানকে খাওয়াচ্ছেন মা। বুধবার। ছবি: সুদীপ্ত ভৌমিক

# নিয়োগের বিরুদ্ধে আর্জি খারিজ


**নিজস্ব সংবাদদাতা**

পুলিশ কনস্টেবল পদে দুই তরুণীর চাকরি আটকাতে গিয়ে সুপ্রিম কোর্টে তিরস্কৃত হল রাজ্য। ওই দুই তরুণীকে নিয়োগের নির্দেশ দিয়েছিল কলকাতা হাই কোর্ট। তার বিরুদ্ধে শীর্ষ কোর্টে যায় রাজ্য। মঙ্গলবার বিচারপতি পি এস নরসিংহ ও বিচারপতি সন্দীপ মেহতার ডিভিশন বেঞ্চ রাজ্যের আর্জি খারিজ করে দেয়। বেঞ্চের পর্যবেক্ষণ, দু'জনের পাকা চাকরি আটকাতে রাজ্য শীর্ষ কোর্টে এসেছে!

আদালতের খবর, ওই দুই তরুণীর নাম রমা মল্লিক বেরা ও মৌসুমি বাগ। দু'জনেই তফসিলি জাতিভুক্ত। এর মধ্যে রমা সিভিক ভলান্টিয়ারের চাকরি করতেন ও মৌসুমি হোম গার্ডের। তাঁদের আইনজীবী বিক্রম বন্দ্যোপাধ্যায় জানান, দু'জনেই ২০২৩ সালের নিয়োগ প্রক্রিয়ায় আবেদন করেন। লিখিত পরীক্ষা, শারীরিক সক্ষমতা ও ইন্টারভিউয়ে পাশ করে সব নথি জমা দেন। তাঁদের জানানো হয়, চাকরির অভিজ্ঞতার যে সার্টিফিকেট তাঁরা দিয়েছেন তার বয়ান ঠিক নেই। তাই চাকরি হবে না। এর পরে প্রথমে তাঁরা রাজ্য প্রশাসনিক ট্রাইবুনালে মামলা করেন। সেখানে হারলেও পরে কলকাতা হাই কোর্টে বিচারপতি তপোব্রত চক্রবর্তী এবং বিচারপতি পার্থসারথি চট্টোপাধ্যায়ের ডিভিশন বেঞ্চ চার সপ্তাহের মধ্যে রমা ও মৌসুমিকে নিয়োগের নির্দেশ দেয়। তখন সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয় রাজ্য।

মামলাকারীদের আইনজীবী বিক্রম বন্দ্যোপাধ্যায় বলেন, চাকরির অভিজ্ঞতা সংক্রান্ত শংসাপত্র দেন সংশ্লিষ্ট জেলার এসপি। সেই বয়ান ঠিক না ভুল, তা এক জন সিভিক ভলান্টিয়ার বা হোমগার্ড কী ভাবে বুঝবেন? আদালতও এই যুক্তি মেনে নিয়েছে। তাঁর মন্তব্য, "রাজ্যের এমন মনোভাব যে দু'জন গরিব মানুষের চাকরি আটকাতে জনগণের টাকা খরচ করে সুপ্রিম কোর্টে গিয়েছিল প্রশাসন!"




# ফরেন্সিক

▶ পৃঃ ১-এর পর

যান। ওঁদের বিশেষ ভূমিকা নেই। অন্য সব কেসেও তো এই ভাবেই চলছে।" কিন্তু একটি সরকারি হাসপাতালের ভিতরেই চিকিৎসককে খুন এবং ধর্ষণের মতো ঘটনায় সঙ্গে কি অন্য ঘটনাকে এ ভাবে মিলিয়ে দেওয়া যায়? পলাশবরণ যাঁকে পাঠিয়েছিলেন, সেই কর্মী সনৎকুমার সাহার মন্তব্য, "আমাদের কাছে এটা খুব জলভাতের মতো কেস।"

অথচ ১৪ অগস্ট রাতে আর জি করে হামলার ঘটনায় বিধাননগর মোবাইল ফরেন্সিক ইউনিটের প্রধান দেবাশিস সাহা, হাওড়া মোবাইল ফরেন্সিক ইউনিটের প্রধান চিত্রাক্ষ সরকার, সিনিয়র সায়েন্টিফিক অফিসার তথা বায়োলজিস্ট সন্দীপ ঘোষ, সিনিয়র সায়েন্টিফিক অফিসার সনৎকুমার সাহা-সহ একটি বিশেষ ফরেন্সিক দল পাঠানো হয়েছিল। প্রশ্ন উঠছে, হামলার ঘটনায় এই তৎপরতা খুন এবং ধর্ষণের ঘটনায় দেখা গেল না কেন?

সুপ্রিমকোর্টে শুনানিতে সলিসিটর জেনারেল তুষার মেহতাও ফরেন্সিক রিপোর্ট হাতে নিয়ে প্রশ্ন তুলেছিলেন, "নমুনা সংগ্রহ করল কে?" এর পর রিপোর্টের কিছু অংশ চিহ্নিত করে বিচারপতিদের দেখতে দিয়ে তিনি এ-ও মন্তব্য করেন, "সারা শরীরে এত আঘাত, মৃতদেহ অর্ধনগ্ন অবস্থায় পড়ে রইল, এত জন এল-গেল, আর রিপোর্ট এল এই রকম? নমুনা সংগ্রহ করল কে?"

সূত্রের দাবি, সিভিক ভলান্টিয়ার-সহ চার জনের ওই দল ঘটনাস্থলে পৌঁছনোর পর মৃতার গায়ের চাদর সরিয়েও দেখেননি। আশপাশে পড়ে থাকা কিছু নমুনা সংগ্রহ করেই কাজ শেষ করেছেন তাঁরা। নমুনা সংগ্রহের কোনও 'ফরমাল ভিডিয়োগ্রাফি'ও করা হয়নি। অথচ, ভারতীয় ন্যায় সুরক্ষা সংহিতা অনুযায়ী, ফরেন্সিক নমুনা সংগ্রহের গোটা পর্ব ভিডিয়োগ্রাফি করে রাখা নিয়ম। যে 'চিপ' বা 'কার্ডে' ভিডিয়োগ্রাফির ফুটেজ তোলা হল, সেটাকে 'সিল' করে সরাসরি আদালতে পাঠানো হয়। এর পর ওই চিপ বা কার্ড আদালতে বিচারকের সামনেই খুলে দেখার কথা। কিন্তু এ ক্ষেত্রে কী হয়েছে? সূত্রের খবর, ঘটনাস্থলে উপস্থিত এক পুলিশকর্মীর ফোনেই ভিডিয়ো রেকর্ড করা হয়েছে। পরে যা পাঠানো হয়েছে আদালতে। যা শুনে আন্দোলনকারী চিকিৎসকদের দাবি, এই ধরনের ভিডিয়ো ফুটেজে তো অদল-বদল করার সুযোগ থেকে যায়! কলকাতা পুলিশের মোবাইল ফরেন্সিক ইউনিটের অফিসার ইনচার্জ তথা রাজ্য ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরির অ্যাসিস্ট্যান্ট ডিরেক্টর পলাশবরণের দাবি, "ভিডিয়োগ্রাফি করার জন্য লোক তো আমাদের নেই। ওটা পুলিশ থেকে দেওয়া হয়। সে দিন ওই সময়ে কেউ আসেননি।"

এই নমুনা সংগ্রহে প্রশ্ন রয়েছে আরও। ৯ অগস্ট হাসপাতাল থেকে বেরনোর মুখে সনৎকুমার এবং তাঁর দলবল সংবাদমাধ্যমের সামনে বলে যান, তাঁদের মৃতদেহের চাদর সরিয়ে দেখার কথা নয়। যদিও ফরেন্সিক বিশেষজ্ঞদের বক্তব্য, চাদর এ ক্ষেত্রে দেওয়া হয়েছিল মৃতদেহের সম্মানরক্ষার্থে। সেই চাদর সরিয়ে না দেখলে কী করে নমুনা সংগ্রহ করা হবে? সনৎকুমার সে দিন এ-ও বলে যান, মৃতদেহে বেশ কিছু 'কাট মার্ক' পেয়েছেন তাঁরা। প্রশ্ন উঠছে, সত্যিই কি 'কাট মার্ক' ছিল মৃতদেহে? যদি থাকে, তা হলে ময়না তদন্তে তার উল্লেখ নেই কেন? তবে কি কাট মার্কের সঙ্গে 'বাইট মার্ক' গুলিয়ে ফেলা হয়েছিল? সনৎকুমার বুধবার বলেন, "না না, বাইট মার্কই ছিল।" মৃতদেহের চাদর সরিয়ে না দেখার প্রসঙ্গে তিনি এ দিনও মন্তব্য করেন, "চাদর সরিয়ে দেখিনি আমরা।" যে নমুনা সংগ্রহ করা হয়েছে তা নিয়ে কি সন্তুষ্ট তিনি? সনৎকুমারের দাবি, "যা পাওয়া গিয়েছে, সবটাই তুলে দেওয়া হয়েছে। সিবিআইকে সবটা বলা হয়েছে। সব তথ্য সিবিআই জেনে নিয়েছে। নতুন করে কিছু বলতে পারব না।" যদিও রাজ্য ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরির বর্তমান অ্যাডমিনিস্ট্রেটর তথা এডিজি পদমর্যাদার অফিসার কে জয়রামন বললেন, "ফরেন্সিক বিশেষজ্ঞেরা শুধু নমুনা সংগ্রহে পুলিশকে সাহায্য করেছেন। এর বেশি কিছু নয়। যা করার পুলিশ করেছে।"

ফরেন্সিক বিশেষজ্ঞ অজয় গুপ্ত বলছেন, "মৃতদেহ থেকে ফরেন্সিক নমুনা সংগ্রহ করে দেওয়া যদিও মূলত ময়না তদন্তকারী চিকিৎসকের কাজ, কিন্তু ফরেন্সিক নমুনা সংগ্রহ করার সময় চাদর সরিয়ে দেখবই না। ভিতরে কী আছে, সেটা ঠিক নয়। চাদরের নীচে মৃতদেহের আশেপাশেও তো বহু গুরুত্বপূর্ণ প্রমাণ থাকতে পারে, যা নমুনা হিসেবে সংগ্রহ করা প্রয়োজন। সেটা না করা কিন্তু কর্তব্যে গাফিলতির সমান।"

প্রশ্ন এ-ও উঠছে, এমন খুন এবং ধর্ষণের ঘটনায় ফরেন্সিক নমুনা সংগ্রহকারীদের তরফে 'ক্রাইম সিন রিপোর্ট' জমা করা হয়নি কেন? এ প্রসঙ্গে উঠে আসছে এডিজি তথা রাজ্য ফরেন্সিক সায়েন্স ল্যাবরেটরির অ্যাডমিনিস্ট্রেটর জয়রামনের চিঠির প্রসঙ্গ। গত ২৯ জুলাইয়ের সেই চিঠিতে লেখা হয়েছে, সংগৃহীত নমুনা পরীক্ষার রিপোর্ট আসার আগে ঘটনাস্থলে পরিদর্শনের ভিত্তিতে কোনও মতামত বা রিপোর্ট যেন কোনও ফরেন্সিক বিশেষজ্ঞ না দেন। নমুনা পরীক্ষার রিপোর্টের সঙ্গে ঘটনাস্থলে পরিদর্শনের পরে তৈরি হওয়া মতামত মিললে, শুধুমাত্র তখনই 'ওপিনিয়ন নোট' দেবেন এক জন ফরেন্সিক বিশেষজ্ঞ। চিঠিতে সমস্ত তদন্তকারী অফিসারদের কাছে এ-ও অনুরোধ করা হয়েছে, আবশ্যিক না হলে তাঁরা যেন সব ঘটনাতেই 'পিও ভিজিট রিপোর্ট' বা ঘটনাস্থলে পরিদর্শন রিপোর্ট না চান। পরিকাঠামোগত ঘাটতির কথা জানিয়ে যাতে সমস্ত ক্ষেত্রেই ফরেন্সিক বিশেষজ্ঞদের ঘটনাস্থলে পরিদর্শনের অনুরোধ করা না হয়, সে কথাও লেখা হয়েছে ওই চিঠিতে।

এই পরিকাঠামোর অভাবে কি এখন প্রশ্ন উঠছে নমুনা সংগ্রহ নিয়ে? জয়রামন বললেন, "আমাদের খুব ছোট একটা ইউনিট। সেই নিয়েই কাজ করতে হচ্ছে। নতুন আইনে সাত বা তার বেশি বছরের সাজার যোগ্য অপরাধের সমস্ত ক্ষেত্রে ফরেন্সিক পরীক্ষা করানোর কথা বলা হয়েছে। প্রতি বছর পশ্চিমবঙ্গে এমন ৭০ হাজার মামলা রুজু হয়। এত মামলায় পাঠানোর মতো আমাদের লোক কোথায়?"

# সঞ্জয়কে জেরা সিবিআইয়ের

আর জি কর কাণ্ডে ধৃত সঞ্জয় রায়কে প্রেসিডেন্সি সংশোধনাগারে গিয়ে জেরা করল সিবিআই। বুধবার বিকেলে কয়েক ঘণ্টা ধরে এই জেরা পর্ব চলেছে। এ দিকে, এ দিন ওই হাসপাতালে গিয়ে চার জন ডাক্তারি পড়ুয়া এবং তিন জন চিকিৎসককেও জিজ্ঞাসাবাদ করেছে সিবিআই। সূত্রের খবর, আর জি করের পুলিশ ফাঁড়ির কয়েক জন কর্মীকেও জিজ্ঞাসাবাদ করেছেন তদন্তকারীরা। সম্প্রতি ওই হাসপাতালের কয়েক জন নিরাপত্তাকর্মী ও সঞ্জয়ের ঘনিষ্ঠ এক পুলিশকর্মীকে জিজ্ঞাসাবাদ করে নতুন কিছু তথ্য পাওয়া গিয়েছে। তার ভিত্তিতেই এ দিন জিজ্ঞাসাবাদ করা হয়েছে। রাত ৯টা নাগাদ তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনের ঘটনায় ডিসি নর্থ অভিষেক গুপ্ত এবং ডিসিডিডি স্পেশাল বিদিতরাজ বুন্দেশকে জিজ্ঞাসাবাদ করেন তদন্তকারীরা। *নিজস্ব সংবাদদাতা*

# সরকারি নির্দেশ

শিক্ষা দফতরের অধীনে সাসপেন্ড হওয়া কর্মীদের তথ্য জেলা স্কুল পরিদর্শকদের জমা দিতে বলেছে বিকাশ ভবন। বিজ্ঞপ্তি জারি করে বলা হয়েছে, জেলা স্কুল পরিদর্শকদের ১৩ সেপ্টেম্বরের মধ্যে রিপোর্ট জমা দিতে হবে। তাতে কর্মীর নাম, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, সাসপেন্ড হওয়ার কারণ, সময়সীমা, এখনও কেন কাজে ফেরেননি এই সব তথ্য দিয়ে শিক্ষা দফতরে পাঠাতে হবে। যে সব কর্মী এখনও সাসপেন্ড আছেন, তাঁদের সাসপেনশন এখনও চালিয়ে যাওয়া হবে না উঠিয়ে দেওয়া হবে তা বিবেচনা করা হবে। *নিজস্ব সংবাদদাতা*

# মৃত্যুতে নালিশ

**বহরমপুর:** মুর্শিদাবাদ মেডিক্যাল কলেজে ভর্তি না নেওয়ায় শিশুর মৃত্যুর অভিযোগ করল পরিবার। বেলডাঙার নাকিস হাসানের দাবি, মঙ্গলবার জ্বর না কমায় দেড় বছরের ছেলেকে মুর্শিদাবাদ মেডিক্যালে নিয়ে যান। কিন্তু ভর্তি না করে ওষুধ দিয়ে ছেড়ে দেওয়া হয়। অবস্থা খারাপ হওয়ায় বহরমপুরের বেসরকারি হাসপাতাল, সেখান থেকে শিলিগুড়ির আর একটি বেসরকারি হাসপাতালে নিতে হয়। ভোর রাতে সেখানে মৃত্যু হয় শিশুটির। মুর্শিদাবাদ মেডিক্যালের অধ্যক্ষ অমিতকুমার দাঁ বলেন, "এমনটা হওয়ার কথা নয়। খোঁজ নিচ্ছি।" *নিজস্ব সংবাদদাতা*

# দীপেশের বার্তা

দূরে থাকার জন্যই আর জি করের প্রতিবাদে তাঁর পক্ষে সরাসরি যুক্ত থাকা সম্ভব নয় বলে জানান শিকাগো বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের অধ্যাপক দীপেশ চক্রবর্তী। রাত দখল কর্মসূচির সঙ্গে যুক্ত আন্দোলনকারীদের একাংশ দীপেশের নাম তাঁদের পরামর্শদাতা বলে লিখেছিলেন। দীপেশ বলেন, "আর জি করের ঘটনায় আমি ব্যথিত। প্রতিবাদ নিয়ে এক জন পরামর্শও চান। কিন্তু আমি তো কলকাতায় থাকি না। আমার পক্ষে আনুষ্ঠানিক ভাবে উপদেষ্টা বা পরামর্শদাতা হিসাবে থাকা তাই ঠিক হবে না।" *নিজস্ব সংবাদদাতা*










**Enduring Value**

**আইটিসি লিমিটেড**

**সিআইএন : L16005WB1910PLC001985**

**রেজিস্টার্ড অফিস: ভার্জিনিয়া হাউস, ৩৭ জওহরলাল নেহেরু রোড, কলকাতা ৭০০ ০৭১**
টেলিফোন: +৯১ ৩৩ ২২৮৮ ৯৩৭১ • ফ্যাক্স: +৯১ ৩৩ ২২৮৮ ২৩৫৮ • ই-মেল: isc@itc.in
ওয়েবসাইট: www.itcportal.com

**মহামান্য ন্যাশনাল কোম্পানি ল' ট্রাইবুনাল, কলকাতা এজলাস সমীপে**
**কোম্পানি দরখাস্ত (সিএএ) নং: ১৪০/কেবি/২০২৪**
**নিম্ন বিষয় সম্পর্কিত**
**কোম্পানি দরখাস্ত (সিএএ) নং: ৫৬/কেবি/২০২৪**

**নিম্নেবর্ণিত সম্বন্ধিত বিষয়:**

কোম্পানি আইন, ২০১৩-ধারা ২৩০ (৬), পড়ুন ধারা ২৩২ (৩) সহ।

এবং

**নিম্নেবর্ণিত সম্বন্ধিত বিষয়:**

আইটিসি লিমিটেড, ইন্ডিয়ান কোম্পানি আইন ১৮৮২-এর আওতাধীনে একটি সঙ্ঘবদ্ধ কোম্পানি এবং কোম্পানি আইন ২০১৩ অনুসারেও এটি একটি কোম্পানি, যার কর্পোরেট আইডেন্টিফিকেশন নং L16005WB1910PLC001985 এবং ইহার রেজিস্টার্ড অফিস ভার্জিনিয়া হাউস, ৩৭ জওহরলাল নেহেরু রোড, কলকাতা ৭০০ ০৭১, পশ্চিমবঙ্গ রাজ্যে অবস্থিত।

এবং

আইটিসি হোটেলস্ লিমিটেড, কোম্পানি আইন ২০১৩ আওতাধীনে এটি একটি সঙ্ঘবদ্ধ কোম্পানি, যার কর্পোরেট আইডেন্টিফিকেশন নং U55101WB2023PLC263914 এবং ইহার রেজিস্টার্ড অফিস ভার্জিনিয়া হাউস, ৩৭ জওহরলাল নেহেরু রোড, কলকাতা ৭০০ ০৭১, পশ্চিমবঙ্গ রাজ্যে অবস্থিত।

১. আইটিসি লিমিটেড
২. আইটিসি হোটেলস্ লিমিটেড

....আবেদনকারীগণ

**কোম্পানি আবেদনের শুনানির বিজ্ঞপ্তি**

কোম্পানি আইন ২০১৩-এর ধারা ২৩০ (৬) আওতাধীন, পড়ুন ধারা ২৩২ (৩), আইটিসি লিমিটেড এবং আইটিসি হোটেলস্ লিমিটেড ("আবেদনকারীগণ") এবং তাদের স্ব-স্ব শেয়ারহোল্ডারগণ ("কোম্পানি আবেদন")-এর মধ্যে ব্যবস্থাপনার প্রস্তাবিত যোজনা মঞ্জুরির জন্য আবেদনকারীগণ দ্বারা একটি আবেদনপত্র পেশ করা হয়েছে মহামান্য ন্যাশনাল কোম্পানি ল' ট্রাইবুনাল, কলকাতা এজলাস সমীপে ("ট্রাইবুনাল") ২২শে জুলাই ২০২৪ তারিখে এবং তাহা গ্রাহ্য হয়েছে ৯ই অগাস্ট ২০২৪ তারিখে। এক্ষণে, মহামান্য ট্রাইবুনাল সমীপে উল্লেখিত কোম্পানি আবেদন শুনানির জন্য দিন ধার্য হয়েছে ২৭শে সেপ্টেম্বর, ২০২৪ তারিখ।

উল্লেখিত কোম্পানি আবেদন সমর্থন অথবা বিরোধিতা করে যে কোনও ইচ্ছুক ব্যক্তি, এমন উদ্দেশ্যের বিজ্ঞপ্তি নিম্ন স্বাক্ষরকারীকে প্রেরণ করতে পারেন, যাহা উক্ত ব্যক্তি বা উক্ত ব্যক্তির আইনজীবী দ্বারা স্বাক্ষরিত হতে হবে, উক্ত ব্যক্তির নাম এবং ঠিকানা সহ, যাহা নিম্ন স্বাক্ষরকারীর নিজ ঠিকানায় কোম্পানির আবেদনের শুনানির জন্য ধার্য নির্দিষ্ট তারিখের ২(দুই) দিন পূর্বে, তার পরে নয়, পৌঁছাতে হবে। যেখানে উক্ত ব্যক্তি কোম্পানি আবেদনের বিরোধিতা প্রার্থনা করতে পারেন, বিরোধিতার ভিত্তি বা উক্ত ব্যক্তির এফিডেভিটের কপি উক্ত বিজ্ঞপ্তির সঙ্গে প্রদান করতে হবে।

নিম্ন স্বাক্ষরকারী ব্যক্তি দ্বারা কোম্পানি আবেদনের একটি অনুলিপি নির্ধারিত অর্থ প্রদান সাপেক্ষে যে কোনো ব্যক্তিকে সরবরাহ করা হবে।

স্বা:
(অনিকেত আগরওয়াল)
আবেদনকারীগণের আইনজীবী
খৈতান অ্যান্ড কোং এলএলপি, অ্যাডভোকেটস্
১বি, ওল্ড পোস্ট অফিস স্ট্রিট
কলকাতা ৭০০ ০০১

তারিখ: ১২ই সেপ্টেম্বর, ২০২৪

# বিচার চেয়ে পথে মিঠুন

**নিজস্ব সংবাদদাতা**

আর জি কর কাণ্ডের প্রতিবাদে এ বার পথে নামলেন অভিনেতা মিঠুন চক্রবর্তী। বিবেকানন্দের শিকাগো বক্তৃতা দিবস উপলক্ষে 'বিবেক জাগরণ যাত্রা'র ডাক দিয়েছিলেন সঙ্ঘ-ঘনিষ্ঠ বেশ কিছু বিশিষ্ট জন। সিমলা স্ট্রিটে বিবেকানন্দের বাড়ি থেকে শ্যামবাজার পাঁচ মাথা পর্যন্ত সেই মিছিলে আর জি করের ঘটনার বিচার চেয়ে স্লোগান ওঠে। সেই মিছিলেই হুড খোলা গাড়িতে ছিলেন মিঠুন। মিছিল শেষে তিনি বলেন, "এই আওয়াজ যেন বন্ধ না হয়। এই প্রতিবাদ যেন বন্ধ না হয়। আমার বাংলা প্রতিবাদের বাংলা। সেই বাংলা আবার জেগে উঠেছে। শাসক যে ভাবে আটকাতে চাইছে, পারবে না। বাংলায় এই প্রতিবাদ যেন চলতে থাকে, যত ক্ষণ না বিচার পাওয়া যাচ্ছে।"

পাশাপাশি, আর জি কর কাণ্ডের প্রতিবাদে বিজেপির ধর্না কর্মসূচি বুধবার ১৬তম দিনে পড়ল। ধর্না-মঞ্চে উপস্থিত ছিলেন বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার, প্রাক্তন রাজ্য সভাপতি দিলীপ ঘোষ, রাহুল সিংহ প্রমুখ। সুকান্ত বলেন, "আর জি কর-কাণ্ডে সুবিচার আটকাতে রাজ্য সরকার জনগণের করের টাকায় ২১ জন আইনজীবী নিয়োগ করেছেন। এই ধরনের ঘটনায় ফরেন্সিক প্রমাণের সর্বাধিক গুরুত্ব হয়েছে। সিবিআইয়ের আইনজীবী আদালতে বলেছেন, ইচ্ছাকৃত ভাবে সেই প্রমাণ লোপাট করা হয়েছে। আমরা মনে করছি, এই সব হয়েছে মমতা বন্দ্যোপাধ্যায়ের নির্দেশে। তাই আমাদের দাবি এক, দফা এক, মুখ্যমন্ত্রীর পদত্যাগ।" বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও বলেন, "জুনিয়র চিকিৎসকেরা স্বাস্থ্য দফতরের দুর্নীতি নিয়ে আন্দোলন করছেন। রাজ্যের সরকার জুনিয়র চিকিৎসকদের কারণে রোগী মারা যাচ্ছে বলে প্রচার করছে। আর এই সবের মাঝে মূল যে বিচারের দাবি, সেটা পিছনের সারিতে চলে যাচ্ছে। আমরা নির্দিষ্ট ভাবে দাবি জানাচ্ছি, ওই চিকিৎসক বোনের খুন এবং ধর্ষণের ঘটনায় বিচার চাই। এবং সেই সঙ্গে এই অচলাবস্থার জন্য যিনি দায়ী, সেই মুখ্যমন্ত্রীর পদত্যাগ।"

